# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৩]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ জ্ঞান ও হিকমতে ঈর্ষা করা

باب الاِغْتِبَاطِ فِي الْعِلْمِ وَالْحِكْمَةِ

আরবী

□□ـ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ النَّبِيُّ لا حَسَدَ إِلا فِي اثْنَتَيْنِ: رَجُلٌ آتَاهُ اللَّهُ مَالاً فَسُلِّطَ عَلَى هَلَكَتِهِ فِي الْحَقِّ، وَرَجُلٌ آتَاهُ اللَّهُ الْحِكْمَةَ فَهُوَ يَقْضِي بِهَا وَيُعَلِّمُهَا.

(بخارى:□□

বাংলা

৬৬) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেনঃ দু’ব্যক্তি ব্যতীত অন্য কারো ব্যাপারে ঈর্ষা করা যায় না। (১) এমন ব্যক্তির ক্ষেত্রে যাকে আল্লাহ ধনসম্পদ দান করেছেন। সাথে সাথে আল্লাহ তাঁকে ন্যায়ের পথে তা খরচ করারও তাওফীক দিয়েছেন। (২) আর এমন ব্যক্তির ক্ষেত্রে যাকে আল্লাহ তা’আলা জ্ঞান ও হেকমত দান করেছেন। সে ব্যক্তি মানুষের মধ্যে জ্ঞানের মাধ্যমে বিচার-ফয়সালা করে এবং তা মানুষকে শিক্ষা দেয়।

টিকাঃ কোন মুসলিম ব্যক্তির নিকট জ্ঞান ও ধন-সম্পদ দেখে তার প্রতি হিংসা করা এবং তার ধ্বংস কামনা করা হারাম। আরবীতে এ ধরণের কর্মকে হাসাদ বলা হয়। কিন্তু কারো নিকট জ্ঞান ও ধন-সম্পদ দেখে তার ধ্বংস কামনা না করে নিজের জন্য অনুরূপ কামনা করাকে গিবতা বলা হয়। এটা খুবই ভাল। আলোচ্য হাদীছের উদ্দেশ্য তাই।

## English

Wish to be like the one who has knowledge and Al-Hikmah [wisdom i.e., the knowledge of the Qur'an and the Sunna (legal ways) of the Prophet (saws)]

Narrated `Abdullah bin Mas`ud:

The Prophet (ﷺ) said, "Do not wish to be like anyone except in two cases. (The first is) A person, whom Allah has given wealth and he spends it righteously; (the second is) the one whom Allah has given wisdom (the Holy

Qur'an) and he acts according to it and teaches it to others." (Fath-al-Bari page 177 Vol. 1)

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৭৩
ইসলামিক সেন্টারঃ ৭৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88761

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন